গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-০৫/৯৯(অংশ-২)- ৫৮৭

তারিখ ঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, গোপালগঞ্জ জেলার সদর উপজেলার সাতপাড় ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব তাপস দাস ইউনিয়ন পরিষদ অফিস হতে ট্রেড লাইসেন্স বই চুরি করে চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে ট্রেড লাইসেন্স প্রদান করেন।

যেহেতু, ইউপি চেয়ারম্যান তা জানতে পেরে উক্ত ইউপি সদস্যকে কারণ দর্শানো নোটিশ ইস্যু করেন এবং কারণ দর্শানো নোটিশের জবাবে অভিযুক্ত ইউপি সদস্য অভিযোগ স্বীকার করেন;

যেহেতু, গোপালগঞ্জ জেলার সদর উপজেলার সাতপাড় ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব তাপস দাস এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জ অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, তাঁর এরূপ কার্যক্রম দুর্নীতির শামিল এবং যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদের সদস্য জনাব তাপস দাস এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক গোপালগঞ্জ সদর উপজেলাস্থ সাতপাড় ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব তাপস দাসকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৬/৭/১৭
(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০১৭.২৭.০০১.১৭- [illegible]

তারিখ ঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।
০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জনাব তাপস দাস, সদস্য, ০৭নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত),সাতপাড় ইউনিয়ন পরিষদ, সদর, গোপালগঞ্জ।

৬/৭/১৭
(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব